

# রম্য রচনা

লিখেছেন আহসান কবির

**কৌতুক** আর ইন্ডিয়ান খুববন্ত সিং-এর নাম সমার্থক। খুববন্ত সিংয়ের কৌতুক অনুবাদ করে বা স্রেফ মেরে দিয়ে এ দেশের অনেক লেখক কিছু করে যাচ্ছেন। সে যাই হোক, আজ থেকে দশ বছর আগে ভারতের লজ্জাজনক কিছু পরাজয়ের পর খুববন্ত সিংয়ের একটা কৌতুক সুপার ডুপার হিট হয়ে যায়। নিজেদের লুকিয়ে বোরকা পরে চলাফেরা করা সেই কৌতুকের দুই চরিত্র ছিলেন রবি শাস্ত্রী ও আজহার উদ্দিন। এ দেশেও সেই কৌতুকটা ইদানীং শোনা যাচ্ছে। বোরকা পরে পথ হাঁটছেন এক যুবক। মানুষ অগ্রহ নিয়ে তাকাচ্ছে তার দিকে। এতো লম্বা মেয়েমানুষ আছে নাকি দেশে? যাই হোক, বোরকা পরা যুবক তাড়াহুড়ো করে হাঁটছে। কেউ একজন তাকে ডাকছে, রফিক ভাই রফিক ভাই? বোরকা পরা যুবক ভয় পেয়ে গেলো। এরপর অবাধ হয়ে খেয়াল করলো অন্য এক বোরকা পরা যুবক এসে তাকে বলছে, ‘রফিক ভাই আমার ডাকও শুনলেন না, চিনলেনও না। আমি পাইলট!’

জাতীয় দলের ক্রিকেটারদের নিয়ে মানুষ এখন নেগেটিভ কথাবার্তা বলছে। এটা আদৌ ঠিক না। প্রত্যেক নেগেটিভ জিনিসের একটা পজিটিভ দিক থাকে। যেমন আপনার মাথার চুল সামনে থেকে পড়ে যাচ্ছে। কেউ যদি আপনাকে জিজ্ঞেস করে, ‘কি ভাই টাক পড়ে যাচ্ছে?’ আপনি এই প্রশ্নের পজিটিভ উত্তর দিতে পারেন এইভাবে যে, ‘তাতে কি হয়েছে ভাই, কপাল তো বড় হচ্ছে।’ ঠিক তেমনি কেউ যদি বলে, ‘কি লজ্জা, চামিভা ভাস এভাবে হ্যাটট্রিক করতে পারলো?’ ঠিক তখনই বলা যাবে, তাতে কি হয়েছে। যতোবার বোলারদের হ্যাটট্রিকের খতিয়ান কিংবা চামিভা ভাসের হ্যাটট্রিকের কথা উঠবে, ঠিক ততোবার বাংলাদেশের নামও তো উচ্চারিত হবে! আর তাই আসুন বাংলাদেশ টিম নিয়ে আমরা পজিটিভ কিছু ভাবি। খুঁজে ফিরি আমাদের প্রিয় জাতীয় ক্রিকেট খেলোয়াড়দের প্রিয় খাবার, প্রিয় ফুল, প্রিয় মানুষ অর্থাৎ প্রিয়দের প্রিয় কিছু জিনিস।

ক্রিকেট খেলোয়াড়দের প্রিয় কিছু বিষয়ের তালিকা

প্রিয় খাবার : পটল (দোহাই এর সঙ্গে



তিন সপ্তাহ আগের প্রিয় ক্রিকেটাররা এখন কৌতুকের পাত্র

ক্রীড়া প্রতিমন্ত্রীর কোনো সম্পর্ক নেই) ও ডাডি চানাচুর!

**প্রিয় শব্দ :** লবি (৭) (এর সঙ্গেও আলি আসগর সাহেবের সম্পর্ক নেই) কোকো, পাইলট, প্রিন্স ইত্যাদি।

**প্রিয় ফুয়েল :** জেড ফুয়েলের পরিবর্তে কেরোসিন।

**প্রিয় ভবন :** হাওয়া ভবন।

**প্রিয় গান :** হাওয়া হাওয়া, ও হাওয়া, খুশবু লুটা দে...।

**প্রিয় বাহন :** কোকো-১, ২ কিংবা তিন-এ চড়ে নৌবিহার।

**প্রিয় পোশাক প্রতিষ্ঠান :** ডাডি ডায়িং।

**প্রিয় অনুষ্ঠান :** ইউ গট দ্য লুক।

**প্রিয় গায়ক :** বাংলাদেশ ব্যান্ডের প্রধান ওমর খালেদ রুমি (নির্বাচক তিনি ক্রিকেট দলের, আবার গিটার বাদনে ২০ বছরের অভিজ্ঞতা)।

**প্রিয় খেলা :** ডাঙুলি।

**প্রিয় কৌতুক :** রাতে স্বামী ঘরে ঢোকান সময় খেয়াল করলো স্ত্রীর দরোজা খুলতে

খানিকটা দেরি হচ্ছে। ঘরে ঢুকে সে দেখলো রঙ চঙ করা এক যুবককে দাঁড় করিয়ে রাখা হয়েছে। স্বামী স্ত্রীকে জিজ্ঞাসা করতেই স্ত্রী বললো, ‘খুব সুন্দর পুতুল। কম দামে পেলাম তো তাই কিনে এনেছি। মাঝ রাতে স্বামী সেই পুতুলের সামনে এসে দাঁড়ালো। পুতুলের হাতে দিলো কোন্ড ড্রিংকস ও কেক। বললো, ‘আমিও যখন পরকীয়া করতাম তখন আমার প্রেমিকা একদিন আমাকে সারা রাত পুতুল হিসেবে দাঁড় করিয়ে রেখেছিলো। আমি জানি কি কষ্ট এমন দাঁড়িয়ে থাকতে!’ কান্নাকাতর কণ্ঠে তখন সেই পুতুল বললো, ‘আমার খাবারের দরকার নেই। আমি তো আবার জাতীয় দলের ক্রিকেট খেলোয়াড়। কিন্তু পথে বেরলেই পাবলিক আমাকে মারতে চায়। দয়া করে আপনার স্ত্রীর বোরকাটা কি আমাকে দিতে পারবেন?’ স্বামী প্রবর তখন বললো, ‘সে ক্ষেত্রে আপনাকে আমি আরো চার পাঁচটি অতিরিক্ত বোরকা দেবো। আপনি সেগুলো লবি, কোকো কিংবা পটলদের দিয়ে দেবেন!’

## বাংলাদেশ ক্রিকেট কেন খেলে?

আপনার অভিমত জানান...

শ্রেষ্ঠ মতামতের জন্য পুরস্কার রয়েছে

বিস্তারিত দেখুন ৭৯ পৃষ্ঠায়